



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১২৯

জয়পুরহাটে 'গুজব প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৭ পৌষ (২২ ডিসেম্বর):

রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি)-র উদ্যোগে 'গুজব প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ (২২ ডিসেম্বর) বৃহস্পতিবার সকালে জয়পুরহাট জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা প্রশাসক সালেহীন তানভীর গাজী। জাতীয় রবীন্দ্রসংগীত সম্মিলন পরিষদের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি আমিনুল হক বাবলু সভায় প্রধান আলোচক ও বিশেষ অতিথি হিসেবে জয়পুরহাট প্রেসক্লাবের সভাপতি অ্যাড. নৃপেন্দ্রনাথ মন্ডল বক্তৃতা করেন।

মতবিনিময় সভায় জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত থেকে গুজব প্রতিরোধে ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে সুচিন্তিত মত প্রকাশ করেন।

সভায় জেলা প্রশাসক বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো ক্যাসারের মতো গুজব ছড়ায়। অনেক সময় এগুলো জনমনে ব্যাপক প্রভাব সৃষ্টি করে। মানুষ গুজবের কারণে অনেক সময় বুঝতে পারে না কোনটা ঠিক আর কোনটা ভুল। রাষ্ট্রের উপরেও এর একটা ক্ষতিকর প্রভাব নেমে আসে। রাষ্ট্রের এগিয়ে চলা ব্যাহত হয়।

গুজবের কারণে ধর্মীয় সম্প্রীতি নষ্ট হয় উল্লেখ করে সালেহীন তানভীর গাজী বলেন, কিছুদিন আগে একবার পবিত্র কুরআন শরীফ অবমাননার ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়া হয়েছিল। তখন সারাদেশে এটা নিয়ে অনেক তোলপাড় সৃষ্টি হয়, কোনো কোনো জায়গায় ধর্মীয় সম্প্রীতি নষ্ট হওয়ার ঘটনা ঘটেছিল। পরে তদন্ত করে দেখা গেল ছবি এডিট করে এটা করা হয়েছে। এভাবেই মূলত সুযোগ সন্ধানীরা গুজব ছড়ায়।

অনলাইন গুজব প্রতিরোধের বিষয় তুলে ধরে তিনি বলেন, সমাজের বিভিন্ন পর্যায়ের সচেতন ব্যক্তিদের নিয়ে একটি অনলাইন গুজব প্রতিরোধ কমিটি করতে হবে। যাদের সমন্বয়ে একটি অনলাইন গ্রুপ থাকবে। কোনো গুজবের পোস্ট এই গ্রুপের কারও নজরে এলে তা স্ক্রিন শর্ট নিয়ে গ্রুপে পোস্ট করবে। পোস্ট দেখে গুজব প্রতিরোধ কমিটি সঙ্গে সঙ্গে সত্যতা যাচাই করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে- এটা করতে পারলে গুজব অনেক কমে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে বক্তারা গুজব প্রতিরোধে সবার সচেতনতা প্রয়োজন বলে মত দেন। তারা বলেন, একটা খবর সত্য কি মিথ্যা তা যাচাই না করে কোনো ধরনের প্রতিক্রিয়া যেন সমাজে না হয় সেজন্য সচেতনতা কার্যক্রম চালাতে হবে। এজন্য তারা সমাজের সর্বস্তরের মানুষের সহযোগিতা কামনা করেন।

জয়পুরহাট জেলার সাংবাদিক ছাড়াও মতবিনিময় সভায় জয়পুরহাট জেলা প্রশাসন, রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস ও জয়পুরহাট জেলা তথ্য অফিসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১৫.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd